

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোছাঃ ফিরোজা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

তারিখ : ১০/০৮/২০২৩ খ্রি:

সময় : সকাল- ১০.৩০ টা।

স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের কক্ষ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | কমিটির নাম | আলোচ্য বিষয় | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|------------|--------------------------------------|--|---|--|
| ০১ | প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভা | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, জাতীয় শোক দিবস ১৫ আগস্ট ২০২৩ যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। দিবসটি ভালভাবে উদযাপনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যগণের সহযোগিতা প্রয়োজন। এ বিষয়ের সভায় ব্যাপক আলোচনা করা হয়। | জাতীয় শোক দিবস ১৫ আগস্ট ২০২৩ উদযাপনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যগণ সহযোগিতা করবেন। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা, এস এম সি ইউপি চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষক। |

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০২৩/৮/১৫/

মোছাঃ ফিরোজা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি
প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
বিরল, দিনাজপুর।